তারিখ 09 AUG 1993
পৃষ্ঠা ৩ কলাম ৬

দৈনিক ইত্তেফাক

১০৪

# শিক্ষকের অভাবে ১২টি প্রাথমিক বিদ্যালয় অবলুপ্ত ঘোষণা

বান্দরবান সংবাদদাতা ॥ শিক্ষকের অভাবে বান্দরবান পার্বত্য জেলার ১২টি সরকারী প্রাথমিক বিদ্যালয় বন্ধ হইয়া গিয়াছে। জেলা প্রাথমিক শিক্ষা অফিস তাই স্কুলগুলিকে অবলুপ্ত ঘোষণা করিয়াছে। বন্ধ স্কুলগুলি হইতেছে রুমা থানার কালাপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়, পানতলা হেডম্যান পাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়, গালেঙ্গা হেডম্যান পাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয় গালেঙ্গা পাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয় যতুরাম পাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়, চেপ্রু পাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়, থানছি থানার পাইঠারী পাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়, থালীরাম পাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়, কানাজিও পাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়, নিয়াবুট মুরং সরকারী প্রাথমিক বিদ্যালয়, আলীকদম থানার আমতলী সরকারী প্রাথমিক বিদ্যালয় এবং সমংপাখে সরকারী প্রাথমিক বিদ্যালয়। এইসমস্ত প্রাথমিক বিদ্যালয়ের দেড় সহস্রাধিক ছাত্র-ছাত্রী দীর্ঘদিন যাবৎ লেখাপড়া হইতে বঞ্চিত। জেলায় ৩ শতটি সরকারী-বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ে ৪৮টি প্রধান শিক্ষকের পদ, ৫৭টি সহকারী শিক্ষকের পদ দীর্ঘদিন যাবৎ খালি রহিয়াছে।

গত ৪ বছর যাবৎ এই জেলায় শিক্ষক সংকট থাকা সত্ত্বেও সরকারী আইনগত জটি-

(৪র্থ পৃঃ দ্রঃ)

## শিক্ষকের অভাব

(৩য় পৃঃ পর)

লতার কারণে প্রাথমিক শিক্ষক নিয়োগ করা যাইতেছে না। বর্তমানে কাগজে-কলমে প্রাথমিক বিদ্যালয়ের নির্বাহী দায়িত্ব বান্দরবান পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদে ন্যস্ত করা হইলেও প্রকৃত পক্ষে তাহাদের ডিঙ্গাইয়া ২/১টি প্রশাসনিক কর্তৃপক্ষ উহা নিয়ন্ত্রণ করিতেছে। ফলে কাজের কাজ কিছুই হইতেছে না। চলতি বছর হইতে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচী বান্দরবান সদর থানার ৩/৪টি স্কুলে আংশিক সাফল্য অর্জন করিলেও অন্যান্য এলাকায় স্কুল গমনোপযোগী ছাত্র-ছাত্রীদের স্কুলমুখী করার কাজ প্রায় শূন্য বলা চলে। এ ব্যাপারে শিক্ষা বিভাগ জানায়, সরকার বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা চালু করিলেও কর্মকর্তা ও শিক্ষক নিয়োগ করে নাই।